

চলতি বাজেটে উত্তর-পূর্বের জন্য প্রায় ৫০,০০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে: ড. জিতেন্দ্র সিংহ

নয়াদিল্লি, ১৭ মার্চ, ২০১৭

কেন্দ্রীয় ডোনার মন্ত্রকের স্বাধীন দায়িত্ব প্রাপ্ত প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিংহ বৃহস্পতিবার জানিয়েছেন, চলতি ২০১৭-১৮-র বাজেটে উত্তর-পূর্বের জন্য প্রায় ৫০,০০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এই বরাদ্দের পরিমাণ পূর্বকার যেকোন বছরের তুলনায় বেশি বলে মন্তব্য করেন ড. সিংহ। কেন্দ্রীয় সরকার যে এই অঞ্চলকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে এটা তারই

প্রমাণ বলেও তিনি জানান। রাজ্যসভায় অসমের সাংসদ শ্রীমতী রানী নারাহ-র এক প্রশ্নের জবাবে তিনি আরও জানান, ৫৬টি ছাড় না পাওয়া কেন্দ্রীয় মন্ত্রকের প্রত্যেকটি থেকে উত্তর-পূর্বের জন্য দশ শতাংশ করে বরাদ্দ করার ফলে পূর্বকার প্রায় ৩৩০০০ কোটি টাকা থেকে বেড়ে ৪৩০০০ কোটি টাকা হয়েছে।

উত্তর-পূর্বের জন্য রেল বাজেটে প্রায় ৫৫০০ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। এছাড়াও রেল সহ যোগাযোগ সংক্রান্ত বিভিন্ন খাতে চলতি বাজেটে বরাদ্দ বেড়েছে ২৭৯.৪৫ কোটি টাকা।

এক অতিরিক্ত প্রশ্নের জবাবে ড. সিংহ জানান, সমস্ত প্রকল্প রূপায়নের গতি ও বরাদ্দ তাৎপর্যপূর্ণভাবে বেড়েছে। গত তিন বছরে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে আধুনিক প্রযুক্তি ও পোর্টাল ব্যবহারের মাত্র বৃদ্ধি পেয়েছে। শিলঙে মহাকাশ গবেষণা কেন্দ্রের পরিষেবার বিষয়গুলিতেও দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে ড. সিংহ সভাকে অবহিত করেন।

পরে কেন্দ্রীয় ডোনার প্রতিমন্ত্রী ড. সিংহ মন্ত্রকের পরামর্শদানকারী কমিটির বৈঠকে সভাপতিত্ব করেন। এতে উত্তর-পূর্বের কয়েকজন প্রবীন সাংসদও অংশগ্রহণ করেন। এঁদের মধ্যে শ্রী সি.এল.রুয়ালা, শ্রী নেইফিউ রিও, শ্রী ভিনসেন্ট এইচ পালা, শ্রীমতী বিজয়া চক্রবর্তী প্রমুখ ছাড়াও মন্ত্রকের সচিব, উত্তর-পূর্ব পর্ষদের সচিবসহ বরিষ্ঠ ডোনার আধিকারিকরা উপস্থিত ছিলেন।